চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনা নববধুর সামনে স্বামীর মৃত্য আহত ২

চুয়াডাঙ্গায় নববধূকে সাথে নিয়ে মটরসাইকেলে ঘুরতে বেরিয়ে সড়ক দূর্ঘটনায় স্বামী শামীম হোসেন (২২) নামের এক ব্যাক্তির মর্মান্তিক মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার রাতে দর্শনা হিজলগাড়ি-গড়াইটুপি সড়কে এ মর্মান্তিক দূর্ঘটনাটি ঘটে। এ দূর্ঘটনায় স্ত্রী সোনিয়া খাতুন ও শালাজি বৌ সেলিনা খাতুন আহত হয়েছে।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামের মৃত শফি উদ্দিনের ছেলে শামীম হোসেন (২২) একই উপজেলার তিতুদহ ইউনিয়নের বলদিয়া বিশ্বাস পাড়ার মনিরুল ইসলামের মেয়ে সোনিয়া খাতুনের (১৮) সাথে গত শুক্রবার পারিবারিকভাবে বিবাহ হয়।

এ বিয়ের পর শামীম হোসেন নববধূকে সাথে নিয়ে শ্বশুর বাড়ি দশবদনে যায়। গতকাল বৃহস্পতিবার রাত পৌনে ৮টার দিকে শামীম মটরসাইকেলে স্ত্রী ও শ্যালকের বৌকে নিয়ে ঘুরতে বের হয় শামীম।

এসময় বলদিয়া হতে হিজলগাড়ি অভিমুখে আসার পথে সড়কে হিজলগাড়ি কেরুজ ব্যাণিজ্যিক খামারের সামনে পৌছালে একটি কুকুরের সাথে মটরসাইকেলের ধাক্কা লাগে। এতে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা গাছের সাথে ধাক্কা লেগে ছিটকে পড়ে গুরুতর আহত হয়।

এসময় আশেপাশের লোকজন আহতদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা হাসপাতালে নেয়। সেখানে নেওয়ার পর হাসপাতালের কর্তব্য চিকিৎসক পরীক্ষা- নিরীক্ষা শেষে শামীম হোসেনকে মৃত ঘোষণা করে। মৃত শামীম হোসেনের লাশ চুয়াডাঙ্গা হাসপাতালে রাখা হয়েছে। সেই সাথে আহত স্ত্রী সোনিয়া খাতুন (১৮) ও শ্যালাজির স্ত্রী সেলিনা খাতুনকে
(২২) হাসপাতালে ভর্তি রয়েছে।

এদিকে শামীমের অকাল মৃত্যুতে পিতা ও শ্বশুর বাড়ির গ্রামে বইছে শোকের মাতন।